

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৯৮৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৭৮]

৭/ সফরের আদব-কায়দা (کتاب آداب السفر)

পরিচ্ছেদঃ ১৭১: উঁচু জায়গায় চড়ার সময় মুসাফির 'আল্লাহু আকবার' বলবে এবং নীচু জায়গায় নামবার সময় 'সুবহানাল্লাহ' বলবে। 'তকবীর' ইত্যাদি বলার সময় অত্যন্ত উচ্চঃস্বরে বলা নিষেধ

(171) بَابُ تَكْبِيْرِ الْمُسَافِرِ إِذَا صَعِدَ الثَّنَايَا وَشِبْهَهَا وَتَسْبِيْحِهِ إِذَا هَبَطَ الْأَوْدِيَةَ وَنَحْوَهَا وَالنَّهِي عَنِ الْمُبَالَغَةِ بِرَفْعِ الصَّوْتِ بِالتَّكْبِيْرِ وَنَحْوِهِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيرَةَ رضي الله عنه: أَنَّ رَجُلاً قَالَ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، إنِّي أُريدُ أَنْ أُسَافِرَ فَأَوْصِنِي، قَالَ: عَلَيْكَ بِتَقْوَى اللهِ، وَالتَّكْبِيرِ عَلَى كُلِّ شَرَفٍ . فَلَمَّا وَلَّى الرَّجُلُ، قَالَ: اَللهم اطْوِ لَهُ البُعْدَ، وَهَوِّنْ عَلَيْهِ السَّفَرَ . رواه الترمذي، وَقَالَ: حديث حسن

বাংলা

৪/৯৮৫। আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু 'আনহু হতে বর্ণিত, এক ব্যক্তি নিবেদন করল, 'হে আল্লাহর রাসূল! আমি ইচ্ছা করেছি, সফরে যাব, আমাকে উপদেশ দিন।' তিনি বললেন, ''তুমি আল্লাহ-ভীতি অবলম্বন করো এবং প্রত্যেক উঁচু স্থানে নিয়মিত 'আল্লাহু আকবার' পড়ো।'' যখন লোকটা পিছন ফিরে যেতে লাগল, তখন তিনি (তার জন্য দো'আ করে) বললেন, ''আল্লাহুম্মাতওয়ি লাহুল বু'দা অহাওয়িন আলাইহিস সাফার।'' অর্থাৎ হে আল্লাহ! তুমি ওর পথের দূরত্ব গুটিয়ে দিয়ো এবং ওর জন্য সফর আসান করে দিয়ো। (তিরমিয়ী হাসান)[1]

English

(171) Chapter: Glorification of Allah by a Traveler while Ascending and Descending

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

A man said: "O Messenger of Allah (ﷺ), I intend to set out on a journey, so counsel me." He (ﷺ) said, "Fear Allah, and ascending towards the raised ground, you should recite: "Allahu Akbar (Allah is Greatest)." When the man turned away, he (ﷺ) said, "O Allah! Shorten the distance for him and make the journey easy for him."



[At-Tirmidhi].

Commentary: Prior to setting out on a journey, a believer may ask pious people to supplicate for him. They, are required to pray sincerely for his safety, advise him, among other things, on religious matters not to be forgetful of the obedience and remembrance of Allah during the journey.

ফুটনোট

[1] তিরমিযী ৩৪৪৫, ইবনু মাজাহ ২৭৭১

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন